# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

(Residential Autonomous College under University of Calcutta)

**B.A./B.SC. THIRD SEMESTER EXAMINATION, DECEMBER 2011**

**SECOND YEAR**

**HISTORY (Honours)**

Date : 16/12/2011

Time : 11 am – 3 pm

Paper : III

Full Marks : 100

**(প্রতিটি বিভাগের জন্য আলাদা উত্তরপত্র ব্যবহার কর)**

## বিভাগ - ক

1. **যে কোনও দুটি** প্রশ্নের উত্তর দাও (২৫০টি শব্দের মধ্যে) ঃ [5×2]

   ক) সামন্ত্রতন্ত্রের উৎপত্তি বিষয়ে মার্ক ব্লক ও জর্জ দুবির বক্তব্যের মধ্যে কোনও পার্থক্য আছে কি?

   খ) অটোমান কারা? তারা কেন বাইজানটাইন সাম্রাজ্যকে আক্রমণ করেছিল?

   গ) 'মানবতাবাদ' বলতে তুমি কি বোঝ?

2. **যে কোনও দুটি** প্রশ্নের উত্তর দাওঃ [20×2]

   ক) সামন্ততন্ত্রের পতন আলোচনার ক্ষেত্রে তুমি 'বাণিজ্যিকরণ তত্ত্ব'কে কতটা সমর্থন করবে? [20]

   খ) প্রাক্-আধুনিক ইউরোপে সামরিক বিপ্লবের স্বরূপ কি ছিল? তুমি কি মনে কর এর ফলে যুদ্ধের 'প্রলেতারীয়করণ' ঘটেছিল? [15+5]

   গ) পঞ্চম চার্লসের সাম্রাজ্যের বৈশিষ্ট্যগুলি আলোচনা কর। তাঁর সময়ে 'সাম্রাজ্যের ধারণা ছিল একটি অলীক কল্পনা'--- এ বিষয়ে তোমার অভিমত কি? [20]

   ঘ) মানবতাবাদ কতদূর জীবনের প্রতি একটি 'secular' দৃষ্টিভঙ্গী তৈরী করেছিল? এই দৃষ্টিভঙ্গী কতখানি রেনেসাঁস চিত্রকলা ও ভাস্কর্যে প্রতিফলিত হয়েছিল? [15+5]

## বিভাগ - খ

3. **যে কোনও দুটি** প্রশ্নের উত্তর দাও ঃ

   ক) কনফুসিয়বাদের উপর একটি টীকা লেখ। [5]

   খ) নজরাণা প্রথার পতনের কারণ কি? [5]

   গ) 'নয়া গণতন্ত্র' বলতে কি বোঝায়? [5]

4. **যে কোনও দুটি** প্রশ্নের উত্তর দাও।

   ক) প্রাক্ আধুনিক চীনে আর্থ-সামাজিক পরিকাঠামোয় জেন্ট্রি গোষ্ঠীর নিয়ন্ত্রণের প্রকৃতি আলোচনা কর। [20]

   খ) তাইপিং বিদ্রোহ সূত্রপাতের জন্য দায়ী আর্থ-সামাজিক কারণগুলি বিশ্লেষণ কর। তাইপিং স্বর্গীয় রাজ্যের ধারণা কি 'কৃষকের কল্পরাজ্য'? [20]

   গ) ১৯১১-র গণপ্রজাতন্ত্রী আন্দোলনের প্রেক্ষিত আলোচনা কর। সান ইয়াৎ সেনের বিশিষ্ট ভূমিকা কি ছিল? [20]

   ঘ) ১৯১৯-র ৪ঠা মে-র আন্দোলন কি চানে এক বৌদ্ধিক জাগরণের সূচনা করেছিল? আন্দোলনটিকে চানা সাম্যবাদী দল কেন 'চানের ইতিহাসের জলবিভাজিকা' রূপে চিহ্নিত করেছিল? [15+5]